

যুগান্তর

প্রিন্ট: ০৮ মে ২০২৫, ০২:১৫ পিএম

অন্যান্য

পলিটেকনিকের ‘শাটডাউন’ কর্মসূচি শিখিল



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৭ মে ২০২৫, ১০:১৫ পিএম



সংবাদ সম্মেলনে ‘শাটডাউন কর্মসূচি’ শিখিলের ঘোষণা দেন শিক্ষার্থীরা। ছবি: সংগৃহীত

সারা দেশের পলিটেকনিক ইনস্টিটিউটগুলোর চলমান পূর্ণাঙ্গ শাটডাউন কর্মসূচি শিখিল করার সিদ্ধান্ত নিয়েছেন আন্দোলনরত শিক্ষার্থীরা।

বুধবার বিকালে কারিগরি ছাত্র আন্দোলনের দপ্তর সম্পাদক সাবির আহমেদের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, বুধবার ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশের উদ্যোগে ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট প্রাঙ্গণে এক যৌথ বৈঠক হয়। এতে আইডিইবি, পলিটেকনিক শিক্ষক সংগঠন এবং ঢাকার বিভিন্ন সরকারি-বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ, শিক্ষক প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

বৈঠকে উপস্থিত সবাই চলমান ‘শাটডাউন’ কর্মসূচির বিষয়ে সম্মিলিতভাবে মতপ্রকাশ করেন এবং শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে ফিরে যাওয়ার জন্য অনুরোধ জানান।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, শিক্ষকদের এই সম্মানজনক অনুরোধ এবং কারিগরি শিক্ষার স্বার্থে আন্তরিক উদ্বেগের প্রতি শ্রদ্ধা জানিয়ে বুধবার থেকে ‘শাটডাউন’ কর্মসূচি সাময়িকভাবে শিথিল করার ঘোষণা দিচ্ছে। তবে ৬ দফা দাবি বাস্তবায়নে কার্যকর অগ্রগতি না হলে আন্দোলনের পরবর্তী ধাপ আরও শক্তিশালীভাবে ঘোষণা করা হবে।